

২০০৭

বাংলা

চতুর্থ পত্র

পূর্ণমান : ১০০

সময় : ৪ ঘণ্টা

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন

প্রথমার্ধ—৫০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রদত্তমান নির্দেশক

১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১৫×২

- (ক) বাংলা কাব্যের ধারায় মধুসূদনের যে অনুকরণ ও অনুবর্তন ঘটেছিল তার ধারাবাহিক বিবরণ দাও।
- (খ) রবীন্দ্রনাথের 'পুনশ্চ' ও তৎপরবর্তী কাব্যধারার মূল্যায়ন করো।
- (গ) রবীন্দ্রোত্তর বাংলা কবিতায় জীবনানন্দ দাশের নিজস্বতা কোথায় আলোচনা করে দেখাও।
- (ঘ) অমিয় চক্রবর্তী কস্মোপলিটন কবি হলেও তাঁর মনের শিকড় বাংলাদেশের মাটিতে প্রোথিত।—অমিয় চক্রবর্তীর কাব্যধারা আলোচনা প্রসঙ্গে মন্তব্যটির সারবস্তা বিচার করো।

২। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

৪ × ৫

- (ক) রবীন্দ্রনাথের প্রাক্-বলাকা পর্বের চারটি কাব্যগ্রন্থের নাম কালানুক্রমিকভাবে সাজাও।
- (খ) নিম্নোক্ত কাব্যগুলির রচয়িতার নাম লেখো :
উত্তরফাল্গুনী, নাম রেখেছি কোমল গাঙ্কার, তিন পুরুষ, মাটির দেয়াল, ত্রিয়ামা, হেমন্ত-গোধূলি, ফেরারী ফৌজ, নিহিত পাতালছায়া।
- (গ) নিম্নোক্ত কবিদের প্রকাশিত প্রথম কাব্যগ্রন্থের নাম লেখো :
রবীন্দ্রনাথ, সুধীন্দ্রনাথ দত্ত, প্রেমেন্দ্র মিত্র, অরুণ মিত্র।
- (ঘ) নিম্নোক্ত প্রশ্নগুলির উত্তর দাও :
মোহিতলালের 'পান্থ' কবিতাটি কোন্ দার্শনিকের উদ্দেশ্যে লেখা ? কোন্ বিদেশী কবির কাব্যাদর্শ সুধীন্দ্রনাথের অধিষ্ট ? 'বন্দীর বন্দনা' কাব্যটির প্রকাশকাল কতো ও প্রকাশকালে নাম কি ছিল ? নজরুল তাঁর 'অগ্নিকীর্ণা' কাব্য কাকে উৎসর্গ করেছিলেন ?
- (ঙ) 'বনলতা সেন' কাব্যে প্রাপ্ত পাঁচটি মানবেতর প্রাণীর নাম লেখো।
- (চ) মেঘনাদবধ কাব্যের অষ্টম সর্গের নাম কি ? এই সর্গে কোন্ বিদেশী কাব্যের প্রভাব আছে।
- (ছ) কবি সুকান্তের প্রকাশিত চারটি কাব্যগ্রন্থের নাম লেখো।

(জ) বোদলেয়ার, ইয়েটস্, টি.এস. এলিয়ট ও হুইটম্যান-এর নাম কোন্ কোন্ বাঙালী কবির অনুষ্ঙ্গে প্রায়শই ব্যবহৃত হয় ?

দ্বিতীয়ার্থ—৫০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও

প্রশ্নগুলি সমমূল্য

- ১। মেখনাদবধ কাব্যের নারী চরিত্র সৃষ্টিতে মাইকেল মধুসূদন যে যুগ-ভাবনার দ্বারা চালিত হয়েছেন তা বুঝিয়ে দাও।
- ২। 'চিত্রা' কাব্যের কবিতাগুলির আলোকে প্রমাণ করো যে কামনাহীন সৌন্দর্য ও মিলনহীন প্রেমই—কবির অধিষ্টি।
- ৩। দুঃখবাদ নয়, সমকালীন দেশ-কাল-সমাজের প্রতিচ্ছবি রবীন্দ্রকাব্যের মূল সুর।—আলোচনা করো।
- ৪। 'বন্দীর বন্দনা' কাব্যের দু একটি কবিতায় নারী সম্পর্কে অভিযোগ ফুটে উঠলেও কাব্যটি যে নারী বিদ্বেষের কাব্য নয় তা বুঝিয়ে দাও।
- ৫। 'বনলতা সেন' কাব্যে কবির ইতিহাস চেতনা ও রোমান্টিক প্রেরণার সমন্বয় কিভাবে ঘটেছে তা আলোচনা করো।